

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ফেব্রুয়ারি ৫, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

পৌর-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৯ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

নং ৪৬.০০.০০০০.০৬৪.৩১.২২৫.১৭(অংশ-১)/৯৮—যেহেতু, জনাব মোঃ আশরাফুল ইসলাম, মেয়র, গাংনী পৌরসভা, মেহেরপুর; এবং

যেহেতু, স্পেশাল ট্রাইব্যুনাল আদালত, মেহেরপুর এর ১০৩/২০১২ নং মামলায় অস্ত্র আইনের ১৯(এ) ধারায় ১৪-০১-২০১৮ তারিখে বিজ্ঞ আদালত জনাব মোঃ আশরাফুল ইসলাম, মেয়র, গাংনীকে ১০(দশ) বছর সশ্রম কারাদণ্ডের আদেশ প্রদান করায় মেয়র কর্তৃক ক্ষমতা প্রয়োগ পৌরসভার স্বার্থের পরিপন্থি অথবা প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয়; এবং

যেহেতু, অস্ত্র মামলায় আদালত কর্তৃক কারাদণ্ড প্রদান করায় অভিযুক্ত জনাব মোঃ আশরাফুল ইসলাম পৌর মেয়র হিসাবে দায়িত্ব পালন করলে পৌরসভার কর্মরত কর্মকর্তা ও কর্মচারী এবং পৌরসভার সেবা গ্রহণকারী সাধারণ নাগরিকদের মধ্যে আতঙ্ক ও ভীতি সঞ্চার হওয়ার যৌক্তিক আশংকা রয়েছে। এ প্রেক্ষিতে তাঁর দ্বারা মেয়রের ক্ষমতা প্রয়োগ পৌরসভার স্বার্থের পরিপন্থি এবং প্রশাসনিক দৃষ্টিকোণ থেকে সমীচীন নয় মর্মে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয়েছে; এবং

যেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১ এর উপ ধারা (১) মোতাবেক পৌরসভার মেয়র এর বিরুদ্ধে ফৌজদারী মামলার অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হলে তাঁকে সাময়িকভাবে বরখাস্তের বিধান রয়েছে; এবং

(১২৬৩)

মূল্য : টাকা ৪.০০

সেহেতু, সরকার জনাব মোঃ আশরাফুল ইসলাম, মেয়র, গাংনী পৌরসভা, মেহেরপুরকে সাময়িকভাবে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

এমতাবস্থায়, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১ এর উপ ধারা (১) এ প্রদত্ত ধারার বিধান অনুযায়ী মেহেরপুর জেলার গাংনী পৌরসভার মেয়র জনাব মোঃ আশরাফুল ইসলামকে স্থায়ী পদ হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ, কে, এম আনিছুল্জামান  
সিনিয়র সহকারী সচিব।